
pdf By Syed Mostafa Sakib

৭৮৬/৯২

৯১৭

# রাসুলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহে ওয়া সাল্লামের প্রেমেই খোদা প্রাপ্তির পূর্ব শর্ত



## একামতের মাসআলা প্রসঙ্গে

: লেখক :

পীরেতরিকত মুফ্‌তী মোহম্মদ সারিয়াখাঁন রেজবী আলচিশ্‌তী

হাদিয়া - ১০.০০

pdf By Syed Mostafa Sakib



## মুখবন্ধন
## প্রসঙ্গ একামতের মাসলা

বর্তমানে মুসলিম সমাজের বেরেলী ও দেওবন্দি পন্থীদের মধ্যে অনেক বিষয়ে মতানৈক্য আছে যে, কোনটা সঠিক ও কোনটা বেঠিক তার মধ্যে নামাজের একামতের সময় দাড়িয়ে যাওয়া ঠিক না বসিয়া একামত শুনা ঠিক । এরই সমাধানে মুফতী সারিয়া খাঁন রেজবী আলচিশতি সাহেব যে একামতের মাসলা পুস্তিকাটি হাদিশ ও ফেকাহ ও অন্যান্য দৃষ্টান্ত দ্বারা প্রমান করিয়া লিখিয়াছেন তাহা সত্যি প্রশংসনিয় । এই রূপ ক্ষুদ্র পুস্তিকাটি পাঠান্তে এ বিষয়ে মুসলিম সমাজ সংশয় কাটিয়ে বিশেষ বিশেষ উপকৃত হইবে । আশাকরি আল্লাহ পাকের ইচ্ছায় মুফতী সাহেব আগামীতে আরো বহু জটিল সমস্যা সমাধানে সচেষ্ট হবেন । এই রূপ ফেৎনা ফাসাদের যুগে পুস্তিকাটি খুবই যুগপোযোগী বলে মনে করি ।

মুফতি সাহেবের পুস্তিকার যথাযথ মূল্যায়নের আশা প্রসন করে আর প্রতুল প্রচারের আন্তরিক প্রার্থনা জানিয়ে শেষ করিতেছি ।

ইতি -
মহঃ আবুল ফজল ( বেলু মাষ্টার )
গ্রাম ঃ- ঝিকড়া , পোঃ ও থানা - ভরতপুর
মুর্শিদাবাদ

---

ঃঃ প্রকাশনায় ঃঃ
মাদ্রাসাদরসে নেজামিঁয়া বারকাতিয়া ইসলামিয়া
সাং ও পোঃ - ভান্ডারা
থানা ঃ- রানীতলা
জেলা ঃ- মুর্শিদাবাদ
প্রথম প্রকাশ সেপ্টেম্বর ২০০৬

। মুদ্রনে ।
রেইনবো প্রিন্টার্স
প্রো ঃ- কৌশিক কর্মকার
গ্রাম ঃ- লেবুবাগান, সদরঘাট (জিয়াগঞ্জ)
পো ঃ- সাধকবাগ, জেলা ঃ- মুর্শিদাবাদ
মোবাইল নং ঃ- ৯৭৩২৮৯৪৫৩৮

pdf By Syed Mostafa Sakib



## অভিমত

নাহামদোহু অনুসাল্লি অনুসাল্লোমো আলা রাসুলেহিল করিম ।

একামতের সময় দাড়িয়ে একামত শ্রবন করা মকরুহ ও নিষেধ বরং বসিয়া একামত শ্রবন করতে হইবে । তকবীর দাতা যখন হায়য়ে আলাল ফালাহ বলিবে তখন উঠিতে হইবে, কিন্তু ওহাবীরুপি দেওবন্দি সম্প্রদায়েরা তকবীর দিবার পূর্বেই দাঁড়াইবার আদেশ দিয়া থাকেন, এবং হাদীসের অপব্যাখ্যা করিয়া সাধারন মানুষকে ভুল বুঝাইবার প্রয়াস করেন, সুতরাং এই প্রসঙ্গে জন সাধারন কে শরীয়তের মতামত সম্পর্কে জ্ঞাত করিবার জন্য বাংলা ভাষায় এক খানি পুস্তিকার অত্যন্ত প্রয়োজন ছিল, সেই প্রয়োজনের দিকে লক্ষ রাখিয়া মুফতী সারিয়া খাঁন রেজবী আলচিশতী সাহেব নিজের অমূল্য সময় ব্যায় করিয়া একামতের মসলা প্রসঙ্গে পুস্তিকা খানি প্রনয়ন করিয়াছেন । আমি বই খানি পাঠ করিয়া দেখিলাম তিনি হাদীস ও ফেকাহ শাস্ত্রের নির্ভর যোগ্য গ্রন্থাদি হইতে সুষ্ট ভাবে সুন্দর নিয়মে প্রমান করিয়া ছেন যে, একামত এর সময় দাঁড়িয়েনা থেকে বসিয়া একামত শ্রবন করিতে হইবে । একামত দাতা হ্যায়য়ে আল্বাল ফালাহ বলিলে উঠিতে হইবে । পুস্তিকা খানি মুসলমান ও বিশেষ করে হানাফি ভাইদের কে ভ্রান্ত পথ হইতে বচাঁইতে সহায়ক হবে বলে আমি মনে করিতেছি ইনশা আল্লাহ সকলই মুসল মান ভাইদেরকে পুস্তিকা খানি পাঠ করার জন্য আবেদন করছি ।

ইতি -

তাং :- ০৭-০১-০০০২

খাকসার মুফতী মৌলানা নিয়াজ আহম্মদ কাদরি
( এম এম কলিকাতা এফ এম এলাহাবাদ এ কে আলীগড় )
শিক্ষক মাদ্রাসা ইসলামিয়া আরাবিয়া হরিবাটি
পোঃ খোরজুনা মুর্শিদাবাদ

---

### ঃঃ লেখক পরিচিতি ঃঃ

**পীরেতরিকত মুফতী মোহম্মদ সারিয়া খাঁন রেজবী আলচিশতী**

সাং ও পোঃ - কলিগ্রাম,
থানা ঃ- চাঁচল , জেলা ঃ- মালদা

**বর্তমান ঠিকানা ঃ-**

প্রধান শিক্ষক মাদ্রাসা দারসে নেজামিঁয়া বারকাতিয়া ইসলামিঁয়া
সাং ও পোঃ - ভাভারা, থানা ঃ- রানীতলা
জেলা ঃ- মুর্শিদাবাদ
মোবাইল নং ঃ - ৯৩৩৩৩৫১৮১৯

pdf By Syed Mostafa Sakib



## অভিমত

### বিসমিল্লাহির রাহমানির রহিম

বর্তমান যুগে ওহাবী ও দেওবান্দি পন্থিরা আমাদের হানাফি ভাইদের কে উৎভ্রষ্ট করার জন্য তাহারা নিজেদের কে হানাফি বলে দাবি করে, কিন্তু বাস্তব ইহাই যে তাহারা আদৌ হানাফি নয় । হানাফি ফেকার বর্হিভুত অনেক মতামত তাহারা প্রষন করে তার মধ্যে একামতের সময় বসিয়া না থেকে তাহাদের দাড়িয়ে তাকটা অন্যতম । মুফতী সারিয়া খাঁন রেজবী আলচিশতী সাহেব এই বিষয়ে সুন্দর ভাবে হাদীস ও হানাফি মজহবের বড় বড় ইমামগনের উক্তিগ্রন্থাদি হইতে প্রমান করিয়া দিয়াছেন যে, একামতের সময় বসিয়া থাকিতে হইবে একামত দাতা হায়য়ে আল্লাল ফালা বলিলে তখন দড়াবে আশা করি মুসলমান ভাই গন এই বই খানি পাঠ করিলে সঠিক পথ পাবেন ইনসাআল্লাহ । আল্লাহ তাআলার আমাদের সকলকে সঠিক পথে চলার তউফিক দান করুন আমিন ।

ইতি -

মুফতি মৌলানা আবদুল মতিন খাঁন আশরাফী
শিক্ষক মাদ্রাসা ইসলামিয়া আরবিয়া হরিবাটি
পোঃ - খোরজুনা , মুর্শিদাবাদ

pdf By Syed Mostafa Sakib



## অভিমত

নাহামদোহু অনুসাল্লি অনুসাল্লোমো আলা রাসুলেহিল করিম ।

মুফতী সারিয়া খাঁন রেজবী আলচিশ্‌তী সাহেবের একামতের মাসালা প্রসঙ্গে বইটির পান্ডলিপি প্রথম থেকে, মুফতী সাহেব হাদীস ও হানাফি মাজহাবের গ্রহন যোগ্য গ্রন্থাদি দ্বারা সুস্পষ্টভাবে প্রমান করিয়া দিয়াছেন, একামতের সময় একামত প্রদান কারী যখন হাই-ইয়্যা-আলাল-ফালাহ্ বলিবেন তখন ইমাম ও মুক্তাদিগনকে দাঁড়াইতে হইবে । এবং কাঁতার সোজা করিতে হইবে । কিন্তু দেওবন্দী ও তবলিগি জামাতে লোকেরা নিজেকে হানাফি বলে দাবিকরে । অথচ তাহারা হানাফি মাজহাবের এই গুরুত্বপূর্ণ মাসআলা প্রতি আমল করেনা । বরং দেওবন্দী ও তবলীগী পন্থির আলেমগন সাধারন মানুষকে বিভ্রান্ত করিবার জন্য বলিয়া থাকেন যে, একামত আরম্ভ হইবার পূর্বে দাঁড়িয়ে যাও, এবং দাঁড়িয়ে একামত শ্রবণ কর । ইহা সম্পুর্ন ভুল ও হানাফি মাজহাবের বিপরীত, সুতরাং প্রত্যেক হানাফি ভাইদের প্রতি আবেদন যে, এই বইটি সংগ্রহ করে পাঠ করুন ।

ইতি ঃ-

তাং :- ০৭-০৮- ২০০৬

খাকসার - মৌলবি আব্দুস সালাম
ভান্ডারা উত্তর পাড়া মসজিদের পেশইমাম
থানা ঃ- রানীতলা, মুর্শিদাবাদ

pdf By Syed Mostafa Sakib



## আবেদন

### বিসমিল্লাহির রাহমানির রহিম

দয়াময় খোদাতাআলার অশেষ দয়াতে এবং রসুলে করিম সল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লামের অপার রহমতের একামতের মসলার অসম্পুর্ণ কাজটি সফল করার জন্য নিজেকে সার্থক মনে করছি । হাদীস ও ফেকাহ্ অনুসরন করে এবং দেওবন্দিদের কেতাব খুঁজে এই মসলার পুস্তকা প্রকাশ করে আপনাদের নিকট পেশ করিলাম আশাকরি পাঠক বৃন্দ এই পুস্তক পাঠ করে উপকৃত হলে নিজেকে সার্থক মনে করিব আমার সিমিত জ্ঞানে ইহা প্রকাশ করে আমার মরহুম আব্বাজান হজরত মৌলানা রকিবুদ্দিন খাঁন চিশতীর আত্মার মুক্তির উদ্দেশ্যে উৎসর্গ করিলাম । পুস্তিকার ভুল ত্রুটি সংশোধনের জন্য লেখকের বর্তমান ঠিকানায় পাঠাইলে কৃতজ্ঞ থাকিব ।

নিবেদক -

খাকসার মহম্মদ সারিয়া খাঁন রেজবী আলচিশতী

pdf By Syed Mostafa Sakib



ভূমিকা ঃ-
আমি পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায় জালসায় যাই বহু মসজিদে নামাজ পড়িতে হয় কোন কোন মসজিদে একামত আরম্ভ হইবার সঙ্গে সঙ্গে ইমাম এবং মুক্তাদিগন দাঁড়িয়ে যাই এবং দাঁড়িয়ে একামত শুনেন । আবার কোন কোন মসজিদে দেখা যায় যে ইমাম ও মুক্তাদিগন একামতের সময় বসিয়া থাকেন । একামত দাতা যখন হাইয়াআলাসসালাত হাইয়াআলাল ফালাহ বলেন তখন ইমাম ও মুক্তাদিগন দাঁড়াইয়া কাতার সোজা করেন । ইহাতে সাধারন মানুষ বিভ্রান্ত হইয়া পড়েন, যে কোনটা ঠিক আর কোনটা বেঠিক । তাই আমি হানফি ভাইদের জন্য হাদিস ফেকায়ে হানফির পুস্তিকা হইতে কোনটা সঠিক আমার এই ক্ষুদ্র পুস্তকে তাহা লিখিলাম ।

আমিন । সুম্মাআমিন ॥

হাদিস ঃ-
عن عبد الله بن ابی قتادة عن ابیه قال قال رسول الله صلی الله علیه وسلم اذا اقیمت الصلوة فلا تقوموا حتی ترونی خرجت

উচ্চারণ ঃ- আন আবদিল্লাহ ইবনে আবি কাতাদাতা আন আবিহে কালা কালা রসুলুল্লাহে সল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম এজা ও কিমাতিস সালাতু ফালা তাকুমু হাত্তা তারাওনি খারাজতু ।

অর্থ ঃ- আবদুল্লাহ ইবনে আবু কাতাদাহ নিজের পিতা হইতে বর্ণনা করিয়াছেন যে রসুলুল্লাহ সল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম সাহাবী গনকে বলিতেন একামত বলা হলেও যতক্ষণ না আমাকে হুজরাখানা হইতে বাহির হইয়া আসিতে দেখ তোমরা নামাজের জন্য দাঁড়াইয়া থকিও না । (নাসাই শরীফ ১ম খন্ড ৮০ পৃষ্ঠা )

হাদিস ঃ-
عن ابی قتادة قال قال رسول الله صلی الله علیه وسلم اذا اقیمت الصلوة فلا تقوموا حتی ترونی وعلیکم السکینة

উচ্চারণ ঃ- আন আবি কাতাদাতা ক্বালা ক্বালা রাসুলুল্লাহে সল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম এজা ও কিমাতিস সালাতু ফালাতাকুমু হাত্তা তারাওনি ওয়া আলাইকুমুস সাকিনাতু ।

অর্থ ঃ- আবু কাতাদাহ বর্ণনা করিয়াছেন যে রসুলুল্লাহ সল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম সাহাবীগনকে বলিতেন একামত বলা হইলেও যতক্ষণ আমাকে হুজরাখানা হইতে বাহির হইয়া আসিতে না দেখো তোমরা নামাজের জন্য দাঁড়াইয়া থাকিও না শান্তভাবে অপেক্ষা করিতে থাকিবে । ( বোখারী শরীফ ১ম খন্ড ৮৮ পৃষ্ঠা )

হাদিস ঃ-
عن ابی قتادة قال قال رسول الله صلی الله علیه وسلم اذا اقیمت الصلوة فلا تقوموا حتی ترونی وعلیکم السکینة

pdf By Syed Mostafa Sakib



উচ্চারণ ঃ- আন আবদিল্লাহ ইবনে আবি কাতাদাতা আন আবিহে কালা কালা রসুলুল্লাহে সল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম এজা ও কিমাতিস সালাতু ফালাতুকুমু হাত্তা তারাওনি ওয়া আলাইকুমুস সাকিনাতু ।

অর্থ ঃ- আবদুল্লাহ ইবনে কাতাদাহ নিজের পিতা হইতে বর্ণনা করিয়াছেন যে রসুলুল্লাহ সল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম সাহাবীগনকে বলিতেন একামত বলাহইলেও যতক্ষন না আমাকে হুজুরাখানা হইতে বাহির হইয়া আসিতে দেখ তোমরা নামাজের জন্য দঁড়াইয়া থাকিও না শান্তভাবে অপেক্ষা করিতে থাকিবে । ( আবু দাউদ শরীফ ১ম খন্ড ৮০ পৃষ্ঠা)

হাদিস ঃ-

عن ابي قتا دة قال قال رسول الله صلى الله عليه وسلم اذا اقيمت الصلوة فلا تقوموا حتى تروني قد خرجت

উচ্চারণ ঃ- আন আবি কাতাদাতা ক্বালা ক্বালা রাসুলুল্লাহে সল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম এজা ও কিমাতিস সালাতু ফালাতাকুমু হাত্তা তারাওনি ক্বাদ খারাজতু ।

অর্থ ঃ- আবু কাতাদাহ বর্ণনা করিয়াছেন যে রসুলুল্লাহ সল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম সাহাবীগনকে বলিতেন একামত বলা হইলেও যতক্ষন না আমাকে হুজরাখানা হইতে বাহির হইয়া আসিতে দেখো তোমরা নামাজের জন্য দাঁড়াইয়া থাকিও না শান্তভাবে অপেক্ষা করিতে থাকিবে । ( মিসকাত শরীফ ১ম খন্ড ৬৭ পৃষ্ঠা )

হুজুর সাল্লাল্লাহো আলাইহি ওয়া সাল্লামের যুগের প্রথমদিকে একামত আরম্ভ হইবার সঙ্গে সঙ্গে সাহাবায়ে কেরামগন দাঁড়িয়ে একামত শুনতেন এবং রসুলুল্লাহ সল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম হুজুরাখানা হইতে তখন বাহির হইয়া আসিতেন । যখন (একামত প্রদানকারী ) হাইয়াআলাল ফালাহ বলিতেন - তাই হুজুর সল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম বলিলেন একামত বলা হইলেও তোমরা নামাজের জন্য দাঁড়াইও না যতক্ষন আমাকে না দেখ ।

হাদিস ঃ-

قال محمد ينبغي للقوم اذا قال المؤذ ن حتي على الفلا ح ان يقوموا الى الصلوة فيصفوا ويسدّو الصفو ف

উচ্চারণ ঃ- কালা মহাম্মাদুন ইয়ামবাগি লিল কাত্তমে ইজা কালাল মোওয়াজ্জিনো হাইয়া আলাল ফালা হে আয় ইয়াকুমো এলাস সালাতি ফাইয়া সুফু ওয়া ইয়্যু সাত্তও উস সুফুফা।

pdf By Syed Mostafa Sakib



অর্থ ঃ- হানাফি মাঝহাবের ইমাম মহম্মদ (রাঃ) আলাইহে বলিয়াছেন একামত প্রদানকারী যখন হাইয়াআলাল ফালাহ বলিবেন তখন মোক্তাদিগন নামাজের জন্য দাঁড়াইবেন এবং কাতারে দাঁড়াইয়া কাতার সোজা করিবেন। ( মোয়াত্তা ইমাম মহম্মদ ৮৮ পৃষ্ঠা )

উক্তি ঃ-

دخل المسجد وهو يقيم يقعد ولا يقف قائما الى وقت الشروع

উচ্চারণ ঃ- দাখালাল মসজিদা ওয়াহুয়া ইউকুমু ইয়াক উদু ওয়ালা ইয়াকেফো কায়েমান এলা ওয়াক্তিস শুরুয়ে।

অর্থ ঃ- একামতের সময় যে ব্যাক্তি মসজিদে প্রবেশ করিবেন তাঁহাকেও বসিয়া যাইতে হইবে। নামাজ আরম্ভ হওয়া পর্যন্ত দাঁড়াইয়া থাকা নিষেধ। ( ফাতুয়ায়ে বাজ্জাজিয়া )

উক্তি ঃ-

اذا اخذ المؤ ذ ن في الاقامة ودخل رجل المسجد فانه يقعد ولا ينتظر قائما فانه مكروه كما في المضميرات قهستاني ويفهم منه كراهة القيام ابتداء الاقامة والناس عنه غا فلون

উচ্চারণ ঃ- ইজা আখাজাল মোয়াজ্জিনু ফিল একামতি ওয়া দাখালা রাজোলু মিল মাসজিদা ফা ইন্নাহু ইয়াকউদু ওয়া লা ইয়ান তিজারু কায়েমান ফা ইন্নাহু মকরুহুন কামা ফিল মুজমেরাতি কাহাস তানিয়ে ওয়া ইউফ হামু মিনহু কারাহাতুল কেয়ামিবতাদা আল একামতি ওয়ান নাসু আনহু ফেলুন ।

অর্থ ঃ- যখন মোওয়াজ্জিন একামত আরম্ভ করিবেন সেই সময় কোন ব্যাক্তি মসজিদে প্রবেশ করেন তাহা হইলে তাহাকেও বসিয়া যাইতে হইবে। দাঁড়াইয়া একামত শুনা চলিবে না। এই জন্যেই যে একামতের সময় দাঁড়াইয়া থাকা মকরূহ । যেমন মজমীরাত কাহাস তানিতে আছে এবং এই আদেশ দ্বারা - বোঝা যায় যে একামত আরম্ভ হওয়ার সময় দাঁড়াইয়া থাকা মকরূহ । কিন্তু সাধারন মানুষ এই মাসলা হইতে গাফেল রহিয়াছেন। ( তাহতাবী আল্লাল মারা কি উল ফালাহ ১৫১ পৃষ্ঠা )

উক্তি ঃ-

اذا دخل الرجل عند الاقامة يكره له الا نتظر قائما ولكن يقعد ثم يقوم اذا بلغ المؤذ ن قوله حي على الفلاح

pdf By Syed Mostafa Sakib



উচ্চারন ঃ- ইজাদাখালার রোজুলু এল্মাল একামতি ইউকরাহু লাহুল ইনতেজারু কায়েমান ওয়ালা কিন ইয়াক উদু সুম্মা ইয়াকুমু এজা বালাগাল মোয়াজ্জেনু কাওলাহু হাইয়াআলাল ফালাহে ।

অর্থঃ- যদি কোন ব্যাক্তি একামতের সময় মসজিদে প্রবেশ করেন তাহা হইলে তাহাকে দাঁড়াইয়া একামত শুনা মকরূহ আছে এবং যখন মোওয়াজ্জিন হাইয়াআলাল ফালাহ বলিবেন তখন দাঁড়াতে হইবে । ( ফাতুয়ায়ে আলাম গীরী প্রথম খন্ড ৫৩ পৃষ্ঠা )

উক্তি ঃ-

يكره له الانتظار قائما ولكن يقعد ثم يقوم اذا بلغ المؤذ ن حي الفلاح

উচ্চারন ঃ- ইউকরাহু লাহুল ইনতে জারু কায়েমান ওয়ালা কিন ইয়াকউদু সুম্মা ইয়াকুমু এজাবালাগাল মোওয়াজ্জেনু হাইয়াআলাল ফালাহে ।

অর্থঃ- দাঁড়াইয়া একামত শুনা মকরূহ আছে বরং বসিয়া যাইতে হইবে। যখন মোওয়াজ্জিন হাইয়ালাল ফালাহ বলিবেন তখন দাঁড়াতে হইবে ।( ফাতু ওয়ায়ে শামী )

উক্তিঃ-

قال ائمتنا يقوم الامام والقوم عند حي علي الصلوة

উচ্চারন ঃ- কালা আ ইম্মা তুনা ইয়াকুমুল ইমামু ওয়াল কাউমু ইনদা হাইয়ালাস সালাতে।

অর্থ ঃ- আমাদের ইমাম গন বলিয়াছেন যে ইমাম এবং মোক্তাদিগনকে হাইয়ালাস সালাহ বলিবার সময় দাঁড়াইতে হইবে।( মিরকাত শারাহ মিশকাত প্রথম খন্ড ৪১৯ পৃষ্ঠা )

উক্তি ঃ-

والقيام الامام والقوم وموتم حين قيل حي علي الفلاح

উচ্চারণ ঃ- ওয়ালকিয়ামু লি ইমামিন ওয়ামুতামমিনহিনা কিলা হাইয়াআলাল ফালাহে ।

অর্থঃ- ইমাম এবং মোক্তাদিগনকে হাইয়াআলাল ফালাহ বলিবার সময় দাঁড়ানো সুন্নাতে মোস্তাহাব আছে । ( দূর্রে মোখতার প্রথম খন্ড ৩২২ পৃষ্ঠা )

উক্তি ঃ- يقوم الامام والقوم عند حي علي الصلوة

উচ্চারণ ঃ- ইয়াকুমুল ইমামো ওয়াল কাউমু ইন্দা হাইয়ালাস সালাতে।

অর্থঃ- ইমাম এবং মোক্তাদিগন হাইয়াআলাস সালাহ এর সময় দাঁড়াইবেন। ( শরেহ বেকায়া ১ম খন্ড ১৩৬ পৃষ্ঠা )

pdf By Syed Mostafa Sakib



উক্তি ঃ- والقيام حين قيل حي على الفلاح

উচ্চারণ ঃ- ওয়ালকিয়ামো হিনা কিলা হাইয়াআলাল ফালাহে ।
অর্থঃ- হাইয়ালাল ফালাহ্ বলার সময় দাঁড়াইতে হইবে । ( নুরুল ইজাহ ৭৪ পৃষ্ঠা )

উক্তি ঃ-

يقوم الامام والقوم اذا قال المؤذ ن حي
علي الفلاح عند علمائنا الثلاثه

উচ্চারণ ঃ- ইয়াকুমুল ইমামু ওয়াল কাওমু ইজা কালাল মোওয়াজ্জিনু হাইয়াআলাল ফালাহে ইন্দা'উলামাইনাস সালাসা হোওয়াস সাহিহুন।

অর্থঃ- ইমাম এবং মোক্তাদিগন সেই সময় দাঁড়াইবেন, যখন একামত প্রদানকারী হাইয়াআলাল ফালাহ বলিবেন, আমাদের তিন জন ইমামের নিকট ইহাই সঠিক (১) ইমাম আবুহানিফা (২) ইমাম আবু ইউসুফ (৩) ইমাম মহম্মদ রদি আল্লাহু আনহুম । ( কিতাবুল মহিত )

উক্তি ঃ-

قيام القوم ولامام ان كان حاضرا بقرب المحراب حين قيل اي وقت
قول المقيم حي على الفلاح

উচ্চারণ ঃ- কেয়ামুল কাওমি ওয়াল ইমামে ইনকানা হাজিরান বে কুরবিল মেহরাবে হিনা কিলা আই ওয়াক্তা কাউলিল মুকিমে হাইয়াআলাল ফালাহে।

অর্থঃ- ইমাম যদি মিম্বরের নিকটে থাকেন তবে ইমাম ও মোওক্তাদিগনকে সেই সময় দাঁড়াইতে হইবে যখন একামত প্রদানকারী হাইয়াআলাল ফালাহ বলিবেন ইহাই নামাজের আদবের মধ্যে আছে। ( মারাকিউল ফালাহ শরাহ নুরল ইজাহ )

উক্তি ঃ-

فقهائی گفته اند که مذ هب آنست که نزد حي على
الصلوة بايد برخاست

pdf By Syed Mostafa Sakib



উচ্চারণ ঃ- ফকিহা গুফতা আনদ কে মাজহাব আনাসতকে নজদে হাইয়ালাস সালাত বায়েদ বারখাস্ত ।

অর্থ ঃ- ফাকিহায়ে কেরামগন বলিয়াছেন যে, ইহাই সঠিক যে হাইয়াআলাস সালাহ এর সময় দাঁড়াইতে হইবে । ( আশআতুল লুময়াত ১ম খন্ড ৩২১ পৃষ্ঠা )

উক্তি ঃ-

اقامت کی وقت کوئی شخص آیا تو اسی کھری ہوکر انتظار کرنا مکروہ ھی بلکه بیتھ جانی تکبیر کھنی والا جب حي علي الفلاح پرپہونچ اس وقت کھراھون یون ھي جو لوگ مسجد مین مو جودھون وہ بیٹھ رھین اس وقت اتھین جب مکبیر حي علي الفلاح

پر پھونچ یھي حکم امام کیلئي بھي ھ

উচ্চারণ ঃ- একামতকে ওয়াক্ত কোই শখছআয়া তো উসে খারে হো কার ইনতেজার করনা মাকরূহ হ্যায় বলকে বায়েঠ জায়ে তাকবির কহনে ওয়ালা যব হাইয়াআলাল ফালাহ পরপহুচেঁ উসওয়াক্ত খাড়া হোঁ ইঁউহি যো লোগ মসজিদমে মৌজুদ হোঁ ওহ বায়ঠে রঁহে উসওয়াক্ত উঠে যব মুকাবিবর হাইয়াআলাল ফালাহ পর পহুঁচে এহি হুকুম ইমামকে লিয়েভি হ্যায় ।

অর্থ ঃ- একামতের সময় কোন ব্যাক্তি যদি আসেন তবে তাঁহাকে দাঁড়াইয় নামাজের অপেক্ষা করা মকরূহ বরং বসিতে হইবে । যখন একামত প্রদানকারী হাইয়াআলাল ফালাহ বলিবে সেইসময় দাঁড়াবে । এইভাবে যে ব্যাক্তি মসজিদে উপস্থিত থাকিবেন তাহাকেও বসিয়া থাকিতে হইবে । সেই সময় দাঁড়াইবে যখন একামত প্রদানকারী হাইয়াআলাল ফালাহ বলিবেন। এই আদেশ ইমামের জন্যও আছে ।(ফাতুয়ায়ে রেজবীয়া দ্বিতীয় খন্ড ৫১১পৃষ্ঠা )

উক্তি ঃ-

اقامت ک وقت کوئی شخص آیا تو اسے کھر ہوکر نامکروہ ھ بلکه بیتھ جاۓ تکبیر کھنے والا جب حي

pdf By Syed Mostafa Sakib



علي‌الفلاح پرپهونچ اس وقت كهراهون يون هي جو لوگ مسجد مين مو جودهون وه بهي بيٹهين رهين اس وقت اٹهين جب مكبير حي علي‌الفلاح پر پهونچ يهي حكم امام كيلئي بهي ه آج كل‌اكثر جگه رواج پر گياه كه اقامت ك وقت سب لوگ كهر رهۃ هين اور بلكه اكثرجگه تو يها ن تک ه كه جب

উচ্চারণ ঃ- একামতকে ওয়াক্ত কোই শখস আয়াতো উসে খাড়ে হো কর ইন্তেজার করনা মকরূহ হ্যায় বলকে বয়েঠ জায়ে তাকবির কহেনেওয়ালা জব হাইয়াআলাল ফালাহ পর পহুঁচে উস ওয়াক্ত খারা হো ইঁউহি যো লোগ মসজিদমে মৌজুদ হোঁ ওহ বায়ঠে রঁহে উসওয়াক্ত উঠে যব মুকাবিবর হাইয়াআলাল ফালাহ পর পহুঁচে এহি হুকুম ইমামকে লিয়েভি হ্যায় । আজকাল আকসার জাগাহ রেওয়াজ পড়গিয়া হ্যায় কে একামতকে ওয়াক্ত সব লোগ খড়ে রেহেতে হ্যাঁয় আওর বলকে আকসর জাগাহতো ইঁহাতক হ্যায় কে জব তক ইমাম মুসাল্লে পর খাড়া না হো উস ওয়াক্ত তক তকবীর নেহী কাহি যাতি এ খেলাফে সুন্নত হ্যায় ।

অর্থ ঃ- একামতের সময় যদি কোন ব্যাক্তি আসেন তাহা হইলে তাহাকে দাঁড়াইয়া নামাজের জন্য অপেক্ষা করা মকরূহ বরং বসিয়া যাইতে হইবে । যখন একামত প্রদানকারী হাইয়াআলাল ফালাহ বলিবেন সেই সময় দাঁড়াইতে হইবে । অনুরূপ যে ব্যাক্তি মসজিদে উপস্থিত থাকবেন তাদেরকেও বসিয়া থাকিতে হইবে । সেই সময় দাঁড়াবেন যখন একামত প্রদানকারী হাইয়াআলাল ফালাহ বলিবেন । এ আদেশ ইমামের জন্যও আছে । আজ কাল প্রায় জায়গায় প্রথা হইয়গিয়াছে যে একামতের সময় মুক্তাদি ও ইমামগন দাঁড়াইয়া একামত শুনেন বরং বহু জায়গায় এইরূপ প্রথা আছে যে ইমাম যতক্ষন জা নামাজে না দাঁড়ান ততক্ষন একামত বলা হয়না ইহা সুন্নতের বিপরিত। (বাহারে শরিয়ত ৩য় খন্ড ৩৪ পৃষ্ঠা )

উক্তি ঃ-

اقامت ك وقت كوئ شخص آيا تو اسۓ كهری هوكر كرنا مكروه ه بلكه بيٹه جاۓ تكبير كهنۓ والا جب علي‌الفلاح پرپهونچ اس وقت كهراهون يون هي جو لوگ

pdf By Syed Mostafa Sakib



مسجد مین مو جودھون وہ بھي بيٹھ رھين اس وقت
اتھين جب مکبير حي علي الفلاح پر پھونچ يھي
حکم امام کيلئي بھي ھ

উচ্চারণ ঃ- একামত কে ওয়াক্ত কোয়ি শখস আয়া তো উসে খড়ে হোকর ইন্তেজার করনা মকরুহ হ্যায় বলকে ব্যায়ঠ জায়ে । তক্‌বির কহেনে ওয়ালা জব হাইয়াআলাল ফালাহ পর পৌহুচে উসওয়াক্ত খাড়া হোঁ ইউহি জো লোগ মসজিদমেঁ মউজুদহোঁ ওভি বয়েঠে রহেঁ উসওয়াক্ত উঠেঁ জব মোকাব্বির হাইয়াআলাল ফালা পর পৌহুচে এহেহি হুকুম ইমামকেলিয়ে ভি হ্যায় ।

অর্থ ঃ- একামতের সময় যদি কোন ব্যাক্তি তবে তাহাকে দাঁড়াইয়া নামাজের জন্য অপেক্ষা করা মকরূহ বরং বসিয়া যাইতে হইবে । যখন একামত প্রদানকারী হাইয়াআলাল ফালাহ বলিবেন সেই সময় দাঁড়াইতে হইবে । এই ভাবে যে ব্যাক্তি মসজিদে উপস্থিত থাকিবেন তাহাদেরকেও বসিয়া থাকিতে হইবে । সেইসময় দাঁড়াবেন যখন একামত প্রদান কারী হাইয়াআলাল ফালাহ বলিবেন এই রূপ আদেশ ইমামের জন্যও প্রযোজ্য। ( ( কানুনে সরিয়াত ১ম খন্ড ১০৩ পৃষ্ঠা )

উক্তি ঃ-

قامت کے وقت کوئی شخص آيا تو اسے کھڑے ہوکر
مکروہ ھ بلکه بيٹھ جائے تکبير کہنے والا جب حي
الفلاح انتظار کرنا پر پہونچے اس وقت کھڑا ہون يون
ھي جو لوگ مسجد مين مو جودھون وہ بھي بيٹھ ر
ھين امام ہو يا مقتدي اس وقت اٹھي جب تکبير
کہنے والا حي علي الفلاح پر پہونچے

উচ্চারণ ঃ- একামত কে ওয়াক্ত কোয়ি শখস আয়া তো উসে খড়ে হোকর ইন্তেজার করনা মকরুহ হ্যায় বলকে ব্যায়ঠ জায়ে । তকবির কহেনে ওয়ালা জব হাইয়াআলাল ফালাহ পর পৌহুচে উসওয়াক্ত খাড়া হোঁ ইউহি জো লোগ মসজিদমেঁ মউজুদহোঁ ওভি বয়েঠে রহেঁ উসওয়াক্ত উঠেঁ জব মোকাব্বির হাইয়াআলাল ফালা পর পৌহুচে এহেহি হুকুম ইমামকেলিয়ে ভি হ্যায় ।

pdf By Syed Mostafa Sakib



অর্থ ঃ- একামতের সময় যদি কোন ব্যাক্তি তবে তাহাকে দাঁড়াইয়া নামাজের জন্য অপেক্ষা করা মকরূহ বরং বসিয়া যাইতে হইবে । যখন একামত প্রদানকারী হাইয়াআলাল ফালাহ বলিবেন সেই সময় দাঁড়াইতে হইবে । এই ভাবে যে ব্যাক্তি মসজিদে উপস্থিত থাকিবেন তাহাদেরকেও বসিয়া থাকিতে হইবে । সেইসময় দাঁড়াবেন যখন একামত প্রদান কারী হাইয়াআলাল ফালাহ বলিবেন এই রূপ আদেশ ইমামের জন্যও প্রযোজ্য। ( নেজামে শরীয়াত ৮৯ পৃষ্ঠা )

উক্তি ঃ- تکبیر بیٹھ کرسنۓ کھڑ ہوکرسننا مکروہ ھ

উচ্চারণ ঃ- একামত কে ওয়াক্ত কোয়ি শখস আয়া তো উসে খড়ে হোকর ইন্তেজার করনা মকরুহ হ্যায় বলকে ব্যায়ঠ জায়ে । জব মোকাব্বির হাইয়াআলাল ফালাহ পর পৌহুচে উসওয়াক্ত খাড়াহো ইঁউহি ওলোগ জো মসজিদমেঁ মৌজুদহ্যাঁয় ওভি বাইঠেরাহেঁ ইমামহো ইয়া মুক্তাদি উসওয়াক্ত উঠে জব তকবির কহেনে ওয়ালা হাইয়াআলাল ফালাহ পর পৌহুচে।

অর্থ ঃ- একামতের সময় যদি কোন ব্যাক্তি আসেন তাহাকে দাঁড়াইয়া নামাজের জন্য অপেক্ষা করা মকরূহ বরং বসিয়া যাইতে হইবে । যখন একামত প্রদানকারী হাইয়াআলাল ফালাহ বলিবেন সেই সময় দাঁড়াইতে হইবে অনুরূপ যে ব্যাক্তি মসজিদে উপস্থিত থাকিবেন তাহাদের কেও বসিয়া থাকিতে হইবে । ইমামহউক অথবা মোক্তাদি উভয়কে সেই সময় দাঁড়াইতে হইবে যখন একামত প্রদানকারী হাইয়াআলাল ফালাহ জায়গায় পৌছাবেন । ( ফাতুওয়ায়ে ফাসবান ৩৭ পৃষ্ঠা )

উক্তি ঃ- اقامت کے وقت کوئی شخص آیا تو اسے کھڑی ہوکر انتظار کرنا مکروہ ھ بلکہ بیٹھ جاۓ اور مکبیر جب حي علي الصلوة حي علي الفلاح پرپہونچ تواس وقت کھڑا ہو

উচ্চারণ ঃ- তকবীর বয়েঠকর সুনে, খাড়ে হোকর শুননা মকরূহ হ্যায় ।

অর্থ ঃ- একামত বসিয়া শুনিতে হইবে । দাঁড়াইবে শুনা মকরূহ আছে ।
(আহকামে শরীয়ত ১৯২ পৃষ্ঠা )

উক্তি ঃ- تکبیرکے وقت بیٹھنے کاحکم ھ کھڑا رھنا مکروہ ومنع ھ پھر جب تکبیر کھنے والاحي علي الفلاح پرپہونچ تواٹھنا چاھ

উচ্চারণ ঃ- তকবির কে ওয়াক্ত বেয়েঠনেকা হুকুম হ্যাঁয় খাড়া রেহেনা মকরুহ ও মানা হ্যাঁয় ফের জব তকবির কহেনে ওয়ালা হাইয়াআলাল ফালাহ পর পৌহুচে তো উঠনা চাহিয়ে

pdf By Syed Mostafa Sakib



অর্থ ঃ- একামতের সময় যদিকোন ব্যাক্তি আসেন তা হইলে দাঁড়াইয়া নামাজের জন্য অপেক্ষা করা মকরূহ বরং বসিয়া যাইতে হইবে । যখন একামত প্রদান কারী হাইআলাল ফালাহ বলিবেন সেইসময় দাঁড়াইতে হইবে । (আনওয়ারুল হাদীস ১৭৬ পৃষ্ঠা )

উক্তি ঃ- اقامت کے وقت کوئی شخص آیا تو اس کھڑی ہو کر انتظار کرنا مکروہ ہے بلکہ بیٹھ جائے اور مکبر جب حي علی الفلاح پر پہونچے تو اس وقت کھڑا ہو

উচ্চারণ ঃ- একামত কে ওয়াক্ত কোয়ি শখস আয়াতো উসে খড়ে হোকর ইন্তেজার করনা মকরূহ হ্যাঁয় । বলকে বয়েঠ জায়েঁ অউর মুকাব্বির জব হাইআলাল ফালাহ পর পৌহুচে উস ওয়াক্ত খাড়া হো ।

অর্থ ঃ- একামতের সময় কোন ব্যাক্তি যদি আসেন তাহইলে দাঁড়িয়ে নামাজের জন্য অপেক্ষা করা মকরূহ এবং নিষেধ আছে । আবার যখন তকবির প্রদান কারী হাইআলাল ফালাহ বলবেন সেইসময় দাঁড়ানো উচিত। (ফাতুয়ায়ে ফাইজুর রসুল প্রথম খন্ড ১৮৬ পৃষ্ঠা )

দেওবন্দিদের কতিপয় পুস্তক হইতে উদ্ধৃত

উক্ত ঃ- اذا دخل المسجد يكره له انتظار الصلوة قائما بل يجلس فی موضع ثم يقوم عند حي علی الفلاح وبه صرح في جامع المضمرات

উচ্চারণ ঃ- ইজা দাখালাল মসজিদা ইয়াকরাহু লহু ইন্তেজারুস সলাতি কায়েমান বল ইয়াজলিসু ফিমোদাইন সুম্মা ইয়া কুমু ইন্দা হাইআলাল ফালাহ ওয়াবেহি সুররিহা ফিজানেইল মুজমিরাতি ।

অর্থ ঃ- যখন কোন ব্যাক্তি মসজিদে প্রবেশ করবেন তখন তাহাকে দাঁড়াইয়া নামাজের জন্য অপেক্ষা করা মকরূহ বরং এক জায়গায় বসিয়া যাইতে হইবে । যখন একামত প্রদান কারী হাইআলাল ফালাহ বলিবেন সেইসময় দাঁড়াইতে হইবে তার ব্যাখ্যা জাআমেমুজমী রাত গ্রন্থের মধ্যে আছে । ( উদাতুর রেআইয়া হাশিয়ায়ে শরেহে বেকায়া ১ম খন্ড ১৩৬ পৃষ্ঠা ) (লেখক - মৌলানা আব্দুল হাই লাখনোবি দেওবন্দি )

উক্তি ঃ- ا ی ومن الاد ب قيام القوم والإمام ان كان حاضر ا بقرب المحراب وقت قول المقيم حی علي الفلاح لان المقيم فی ضمن قوله هذا امربا لقيام بجاب وان لم يكن حاضر القوم كل صدف حين ينتهی الله الامام

pdf By Syed Mostafa Sakib



উচ্চারণ ঃ- আই ওয়া মিনাল আদাবি কেয়ামুল কাউমি ওয়াল ইমামি ইনকানা হাজিরন বি কুরবিল মেহরাবি ওয়াক্তি কাউলিল মোকিমি হাইয়াআলাল ফালাহ লিআনালাল মোকিমা ফি জুমনিন কাউলুহু হাজা আমারু বিলকেয়ামি ইউজাবু ওয়াইন্না লামইয়াকুন হাজিরাল কাউমি কুল্লু সাফফিন হিনা ইয়ানতাহি ইলাহিল ইমামু ।

অর্থ ঃ- নামাজের আদোব ইহাইযে ইমাম যদি মিম্বারের নিকটে উপস্থিত থাকেন তাহইলে যখন একামত প্রদান কারী হাইআলাল ফালাহ বলিবেন সেইসময় মুক্তাদি গন কে দাঁড়াইতে হইবে । এই জন্যই যে একামত প্রতান কারী হাইয়াআলাল ফালাহ দ্বারা দাঁড়ানোর আদেশ দিচ্ছেন । এই আদেশ মেনে নেওয়া একান্ত কর্ত্তব্য এবং যদি ইমাম মিম্বারের নিকট উপস্থিত না থাকেন তবে মুক্তাদিগনের কাতার দিয়ে যাবেন সেইসময় মুক্তাদিগনকে দাঁড়াইতে হইবে । ( বিল ইসবাহ হাশিয়ায়ে নুরুল ইজাহ ৭৪ পৃষ্ঠা ) ( লেখক - মৌলানা ইজাজ আলি , শিক্ষক মাদ্রাসা দারুল উলুম দেওবন্দ {ইউ.পি.} )

উক্তি ঃ- فقہانی لکھا ھی کہ تکبیر کہنی والاجب حی علی الفلاح کہی‌تومقتد یون کواس وقت کھرا ھونا چاھی چنا نچہ آنحضرت صلی اللہ علیہ وسلم بہی‌اسی وقت اپنی حجرہ شریف سی نکلتی ھون گی

উচ্চারণ ঃ- ফাকিহায়ে কেরাম লিক্ষা হ্যায়কে তকবির কহনে ওয়ালা যব হাইয়াআলাল ফালাহ কহে তোমুক্তাদিঁওকো উস ওয়াক্ত খাড়া হোনা চাহিয়ে চুনানচে আঁ হজরত সাল্লাল্লাহুআলাইহে ওয়াসাল্লাম ভি উসওয়াক্ত আপনে হুজরা শরিফ সে নিকালতে হোঁঙ্গে

অর্থ ঃ- ফাকিহায়ে কেরাম গন লিখিয়াছেন যে একামত প্রদান কারী যখন হাইয়াআলাল ফালাহ বলিবেন সেইসময় মুক্তাদি গনকে দাঁড়ানো উচিত । এই জন্যই যে হুজুর সাল্লাল্লাহুআলাইহে ওয়াসাল্লাম হাইয়াআলাল ফালাহ বলিবার সময় নিজের হুজরা খানা হইতে বাহির হইতেন ।( মজাহিরে হক জাদিদ প্রথম খন্ড ৩৪ পৃষ্ঠা কাসতে হাসতুম ) ( লেখক - কুতুবুদ্দিন খাঁন দেওবন্দ )

উক্তি ঃ- طریقہ خواندن نمازبروجہ سنت آنست کہ‌اذان گفتہ شود واقامت ونزد حی علی الفلاح امام برخیزد

উচ্চারণ ঃ- তরিকায়ে খানদানে নামাজ বর ওয়াজাহ সুন্নাত আঁনাস্ত কে আজান গুফতা সোয়াদ ও একামত নজদে হাইয়াআলাল ফালাহ ইমাম বরখে জদ ।

অর্থ ঃ- নামাজ পড়ার সময় সুন্নাত তরিকা ইহাই যে যখন আজান বলবে এবং একামতের সময় হাইয়াআলাল ফালাহ তে ইমাম দাঁড়াবেন । ( মালা বুদ্দা মিনহু ৪৪পৃষ্ঠা , লেখক -

pdf By Syed Mostafa Sakib



মৌলানা কাজি সানাউল্লা পানিপতি দেওবন্দ )

উক্তি ঃ- جب اقامت میں حی علی الصلوۃ کہی تب امام اور سب لوگ کھڑی ہوجائیں

উচ্চারণ ঃ- যব একামতমেঁ হাইয়াআলাস সালাত কহে তব ইমাম অর সব লোগ খড়ে হো জায়েঁ ।

অর্থ ঃ- যখন একামত প্রদান কারী হাইয়াআলাল ফালাহ বলিবেন তখন ইমাম ও মোক্তাদিগন দাঁড়াইয়া যাইবে ।( মিফতাহুল জান্নাত ৩৩পৃষ্ঠা , লেখক - মৌলানা কেরামত আলি জনপুরী দেওবন্দি )

উক্তি ঃ-

حی علی الصلوۃ کی وقت امام اٹھے

উচ্চারণ ঃ- হাইয়াআলাস সালাত কহতে ওয়াক্ত ইমাম উঠে ।

অর্থ ঃ- হাইয়াআলাস সালাত বলার সময় ইমাম দাঁড়াবেন । ( রাহেনাজাত ১৪পৃষ্ঠা , লেখক - মৌলানা কেরামত আলি জনপুরী দেওবন্দি )

উক্তি ঃ-

امام برخیزد ومقتدیان نززیرا کہ حی علی الصلوۃ امرست بجاآوردہشود

উচ্চারণ ঃ- ইমাম বারখেজদ ও মুক্তাদিয়াঁ নেজ জেরাকে হাইয়াআলাস সালাত আমরাসত বাজাআয়োরদা শোয়াদ ।

অর্থ ঃ- ইমাম এবং মুক্তাদি গন হাইয়াআলাস সালাতের সময় এইজন্যই দাঁড়াবে যে হাইয়ালাস সালাতের যা আদেশ আছে তা আদায় করার জন্য । ( হাশিয়ায়ে মালাবুদ্দা মিনহু ৪৪পৃষ্ঠা , লেখক - মুফতী সাদুল্লাহ সাহেব দেওবন্দী ।

pdf By Syed Mostafa Sakib



## কতিপয় বাংলাপুস্তক হইতে উদ্ধৃত

হাইয়াআলাস সলাতের সময় ইমামকে উঠিয়া খাড়া হওয়া সন্নাত।
( বাহারুল উলুম - ২২৩ পৃষ্ঠা , লেখক - মৌলোভী কফিলউদ্দিন আলসিদ্দিকী )

জামাতে নামাজ পড়ার সময় মোওয়াজ্জিন হাইয়াআলাল ফালাহ বলার সময় নামাজের কাতারে দাঁড়ানো মুস্তাহাব । ( মোকাম্মাল নুরানী নামাজ শিক্ষা - ৬৯ পৃষ্ঠা , লেখক - মৌলানা মাসউদ আহাম্মদ কাশেমী [ দেওবন্দী ] )

একামতের সময় মোক্তাদিগনের দাঁড়াইয়া থাকা মকরূহ ও নিষেধ অতএব এই সময় বসিয়া থাকিবে যখন তকবির দাতা হাইয়াআলাল ফালাহ বলিবে তখন উঠিবে বাংলা অনুবাদ আনোয়ারে শরিয়ত - ৩৪ পৃষ্ঠা , অনুবাদক মুফতী মহম্মদ গোলাম ছামদানী রেজবী ।

প্রশ্ন ঃ- হুজুর সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লামের যুগে কাতার কখন সোজা করিতেন ?
উত্তর ঃ- হুজুর সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লামের যুগে হুজুর সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম হাইয়াআলাল ফালাহ বলিবার সময় নিজের হুজরা খানা হইতে বাহির হইতেন ও মেহারাবের নিকটে আসিতেন । হুজুর সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লামকে দেখিয়া সাহাবিগন দাঁড়াইতেন এবং দাঁড়িয়ে কাতার সোজা করিতেন ।
প্রশ্ন ঃ- হুজুর সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম তাকবির তাহরিমা কখন বাঁধিতেন ?
উত্তর ঃ- হুজুর সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম তখন তাকবির তাহরিমা বলিয়া নামাজ আরম্ভ করিতেন যখন কাতার সোজা হইয়া যাইত যেমন হাদিস শরীফে আছে ।

হাদিস ঃ-

عن نعمان بن بشير قال كان رسول الله صلى الله عليه وسلم
صفوفنا اذاقمنا الى الصلوة فاذا استوينا كبر

pdf By Syed Mostafa Sakib



উচ্চারণ ঃ- আন নাওমানবিন বসিরিন কালা কানা রাসুলুল্লাহে সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লামা ইউসাত্তাবি সোফুফোনা ইজা কুমনা এলাস সালাতি ফাএজাস তাবিনা কাববারা।

অর্থ ঃ- হজরত নোমান ইবনে বশির বলিয়াছেন রাসুলুল্লাহে সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম আমাদের কাতার সোজা করিতেন যখন আমরা নামাজের জন্য দাঁড়াইয়া যাইতাম তখন রাসুলুল্লাহে সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম তাকবির তাহরিমা বলিতেন ( মশিকাত শরীফ প্রথম খন্ড - ৯৮ পৃষ্ঠা )

হাদীস ঃ-

عن ابن عمر ان عمر بن الخطاب كان يامر رجالا بتسوية الصفوف فاذا جاء وه فاخبروه بتسويتها كبر بعد ه وعن مالك بن ابى عامر ن الانصارى ان عثمان بن عفان لايكبر حتي ياتيه رجال قدوكلهم بتسويه الصفوف فيخبرونه ان قدالسوت فيكبر

উচ্চারণ ঃ- আনইবনে উমরা আননা উমরাবনাল খাত্তাবে কানা ইয়ামোরো রেজালান বে তাসবিএতিস সোফুফে ফা ইজা জউহো ফা আখবারুহো বে তাসবি ইয়াতেহা কবিবার বা দোহু ওয়া আন মালেকিবনে আবি আমেরের্নিলআনসারিয়া আন্না উসমানাবনে আফখানা লা ইয়োকাববারো হাত্তাইয়াতে ইয়াহু রেজালুন কাদ ওয়া কুল্লোহুম বে তাসবি ইয়াতিস সোফুফে ফাইউখবেরু নাহু আন কাদিস তাওয়াত্তা ফা ইউখবেরো।

অর্থ ঃ- হজরত আবদুল্লাহ ইবনে উমর হইতে বর্ণিত আছে যে, হজরত উমর বিন খত্তাব রদি আল্লাহুআনহু কয়েক জন ব্যাক্তিকে কাতার সোজা করার জন্য নির্ধারিত করেছিলেন, যখন তারা এসে কাতার সোজা হওয়ার খবর দিতেন তখন তিনি তকবির তহেরিমা বলিতেন। মালেক বিন আবুআমির আনসারী হইতে বর্ণিত আছে যে, হজরত উসমান বিন আফফান রদি আল্লাহুআনহু নিজের বক্তব্যের মাধ্যমে বলিতেন, যখন 'তকবির' বলা হবে তোমরা কাতার সোজা কর, আর নিজের কাঁধকে অন্যের কাঁধের সহিত মিলিয়ে নাও যেহেতু কাতার সোজা করা নামাজকে পূর্ণ করা । তিনি তকবির তহরিমা বলিতেননা যতক্ষন তাঁর নিকট ঐ ব্যাক্তি গন এসে কাতার সোজা হওয়ার খবর

pdf By Syed Mostafa Sakib



না দিতেন যহারা কাতার সোজা করার কাজে নিযুক্ত ছিলেন, তার পর তিনি তকবির অর্থাৎ তকবিরে তহরিমা বলিতেন ।

প্রশ্ন ঃ- মিসকাত শরীফের প্রথম খন্ডের ৯৮ পৃষ্ঠার হাদীসের অনুবাদ দেওবন্দি আলেম গন ইহাই করিয়াছেন যে , নওমান বিন বশির বলিয়াছেন যে আমরা যখন কাতারে সোজা হইয়া যাইতাম তখন একামত বলা হইত ইহা দ্বারা বোঝাগেল যে একামত দাঁড়িয়ে শোনা সঠিক ?

উত্তর ঃ- দেওবন্দি আলেমদের এই অনুবাদ সরাসরি ভুল এবং হানাফি মাঝহাবের বিপরীত । যেহেতু দেওবন্দি আলেমগন ওহাবী মতকে প্রচার করিবার জন্য হাদীস শরীফের অনুবাদ জেনে শুনে পরিবর্তন করিয়াছেন । এই হাদীস শরীফের অনুবাদ মোল্লাহ আলিকারী এই ভাবে করিয়াছেন

উক্তি ঃ-

فاذا الستو يناكبرى الاحرام قال ابن الملک يذ لعلى انالسنة للامام ان يسوى الصفوف ثم يكبر

উচ্চারণ ঃ- ফা ইজাস তাওয়াইনা কাববারল এহেরামু কাআলা ইবনুল মালেকিন ইয়াদিল্লু আলা আননাস সুন্নাতা লিলইমামি আননা ইয়াসববি ইয়াস সফুফা সুম্মা ইউকাব বেরু ।

অর্থ ঃ- যখন সাহাবায়ে কেরামগনের কাতার সোজা হইয়া যাইত তখন হুজুর সাল্লাল্লাহু আলেইহে ওয়াসাল্লাম তকবির তেহেরিমা বলিতেন ইবনুল মালেক বলিয়াছেন যে , এই হাদীস দ্বারা প্রমান হল যে ইমামের জন্য ইহাই সুন্নত প্রথমে কাতার সোজা করিবে তার পর তাকবির তাহরিমা বলিবে । ( মিরকাত শারাহ মিশকাত প্রথম খন্ড ৪১৯ পৃষ্ঠা )এই উক্তি দ্বারা প্রমান হল যে তাকবির বসে শুনিতে হইবে যখন তকবির প্রদান কারী হাইয়ালাল ফালাহ বলিবে তখন দাঁড়াইতে হইবে তখন দাঁড়িয়ে কাতার সোজা করিবে কাতার সোজা হবার পর ইমাম তাকবির তাহরিমা বলিয়া নামাজ আরম্ভ করিবে ।

সেখ আব্দুল হক মোহাদ্দিস দেহলবি ফারসিতে উক্ত হাদীসের অনুবাদ করিয়াছেন ।

উক্তি ঃ-

پس چوں برابرمی شد یم وخوب می‌استاد یم درنمازتکبیر برآورد براذ احرام

উচ্চারণ ঃ- পাসচুঁ বারাবরমি শুদেম ওখুবমি ওস্তাদেম বরনামাজ তাকবিরবর আওয়ারদ বারয়ে এহেতেরাম ।

pdf By Syed Mostafa Sakib



অর্থ ঃ- যখন সাহাবায়ে কেরামগন সুন্দর ভাবে সোজা হইয়া দাঁড়াইয়া যাইতেন তখন হুজুর সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম তাকবির তাহরিমা বলিতেন। ( আসআতুল লুমআত প্রথম খন্ড ৩২১ পৃষ্ঠা )

প্রশ্ন ঃ- কাদকা মতিস সালাত বলিবার সময় ইমামকে তাকবির তাহরিমা বলিয়া নামাজ আরম্ভ কারা মুস্তাহাব । মুক্তাদিগন যদি হাইআলাল ফালাহ বলিবার সময় দাঁড়ায় তবে কাতার সোজা করা যাবেনা এবং কাতার সোজা কারার আগে হাদীস শরীফে আছে আর যদি কাতার সোজা করা হয় তাহা হইলে তকবিরে উলা ছুটিয়া যাইবে এই জন্যই একামত আরম্ভ করিবার সময় দাঁড়ানো উত্তম ?

উত্তর ঃ- কাদকামাতিস সালাত বলিবার সময় ইমাম তাকবির তাহরিমা বলিয়া নামাজ ইরম্ভ করা ইমাম আবু হানিফা ও ইমাম মহম্মদ রদিআল্লাহু আনহুমগনের নিকট
মুস্তাহাব এবং একামতের সময় হাইয়াআলাস সালাত বলিবার পূর্বে দাঁড়ানো মকরূহ যদি মুক্তাদিগন এই মকরূহ কর্ম থেকে বাঁচিবার জন্য তাকবিরে উলা নাপায় তবে ইমামকে তকবিরে তহরিমা দেরি করে বলা উচিত এই জন্যই যে তাকবির তহরিমা একামত শেষ করে বলাতে তিনটি উপকার রয়েছে । (১) ইমাম এবং মুক্তাদিগন একামত প্রদান করীর একামতের পূর্নউত্তর দিতে পারিবে ইহা মুস্তাহাব । (২) একামত প্রদান কারী একামত শেষকরিবার পরে তাকবিরে উলা পাইবে ইহাও মুস্তাহাব। (৩) মুক্তাদিগন মকরূহ কর্ম হইতে বাঁচিয়া কাতার সোজা করিতে পারিবে যাহা সুন্নত । যদি ইমাম মুস্তাহাদের উপরে আমল করে কাদকামোতিস সালাত বলিবার সময় তাকবিরে তাহরিমা বলিয়া নামাজ আরম্ভ করিয়াদেন তাহা হইলে ইমামকে ও মুক্তাদিগনকে একটি সুন্নত ও দুইটি মুস্তাহাদ কর্ম ছাড়িতে হইবে এবং একটি মকরূহ কর্ম করিতে হইবে, যেমন কাতার সোজা করা সুন্নত ইহা না করিলে সুন্নত ছাড়িতে হইবে একামতের পূর্ন উত্তর দিতে পাড়িবে না একটি মুস্তাহাব ছাড়িতে হইবে । মুক্তাদিগনকে কাতার সোজা করিবার জন্য হাইআলাস সালাত বলিবার পূর্বে দাঁড়াইতে হইবে ইহা মকরূহ একটি মুস্তাহাব আদায় করতে গিয়ে মকরূহ কর্ম করা এবং মুস্তহাব ছাড়িবার আদেশ দেওয়া হইবে না, যেমন ইমাম ইবনেমালিক লিখিয়াছেন ।

উক্তি ঃ-

اذا لزم من تحصل المند وب ارتكاب مكروه ترك

উচ্চারণ ঃ- ইজালাজেমা মনিতাহসিলিল মনদুবে ইরতেকাবো মকরূহীন তোরেকা ।

pdf By Syed Mostafa Sakib



অর্থ ঃ- একটি মুস্তহাব আদায় করিবার জন্য যদি মকরূহ কর্ম করিতে হয় এবং একটি মুস্তাহাব ছাড়িতে হয় তাহা হইলে উক্ত মুস্তাহাব ছাড়িতে হইবে । ( ফাতহুল কাদীর প্রথম খন্ড ২০২ পৃষ্ঠা ) মক্কা মদিনার সমস্ত মানুষ ইমাম আবু ইউসুফের কথামত আমল করিয়া থাকেন যে কাদকা মতিস সালাতের সময় তাকবির তাহরিমা বলেন না বরং একামত শেষ করিবার পরে তাকবির তাহরিমা বলিয়া নামাজ আরম্ভ করিয়া থাকেন যেমন শারাহ নাকিয়া নামক গ্রন্থের ৬৩ পৃষ্ঠায় আছে ।

উক্তি ঃ-

والجمهور على قول ابى يوسف ليد ر ك المؤذ ن اول صلاةالامام وعليه عمل اهل الحرمين

উচ্চারণ ঃ- ওয়ালজাম হুরো আলাকাউলি আবিইসুফুন লিইউদিরকল মোয়াজ্জিনু আউওয়ালা সালাতিল ইমামি ওয়াআলেইহি আমআলু আহ্লিল হারমাইনি ।

অর্থ ঃ- মাক্কা ও মদিনা বাসিগন ইমাম আবুইউসুফের কথা মত আমল করিয়া থাকেন যে, কদকামতিস সালাতের সময় তাকবির তাহরিমা বলেন না বরং মুয়াজ্জিন একামত শেষ কারার পড়ে ইমাম তাকবির তাহরিমা বলিয়া নামাজ আরম্ভ করিয়া থাকেন ।

প্রশ্ন ঃ- কোন কোন পুস্তকে হাইয়াআলাস সালাহ এবং কোন কোন পুস্তকে হাইয়াআলাল ফালাহ বলিবার সময় দাঁড়াইবার আদেশ আছে আমরা কোন সময় দাঁড়াইব ?

উত্তর ঃ- হাইয়াআলাস সালাতের শেষে দাড়াইতে আরম্ভ করিবে এবং হাইআলাল ফালাহর শুরুতে সোজা দাঁড়াইয়া যাইতে হইবে যেমন ফাতোয়ায়ে রেজবীয়া ২য় খন্ড ৫১১ পৃষ্ঠায় আছে ।

উক্তি ঃ-

اذاحملناالاول على الانتهاء والاخر على الابتداء اتحدالقولان

উচ্চারণ ঃ- এজা হামালনাল আউওয়ালা আলাল ইনতেহায়ে ওয়াল আখেরা আলাল ইবতেদায়ে ইত্তাহেদাল কাউলানু ।

অর্থ ঃ- হাইয়াআলাস সালাতের শেষে দাড়াইতে আরম্ভ করিবে এবং হাইআলাল ফালাহর শুরুতে সোজা দাঁড়াইয়া যাইতে হইবে ।

আল্লাহু রব্বুল আলামিন সমস্ত হানাফি ভাইদেরকে সুন্নতের উপর আমল করার তৌফিক প্রদান করেন মকরূহ কর্ম হইতে দূরে রাখেন ।

আমিন ইয়ারব্বাল আলেমিন বেজাহে সইয়াদিল মুরসালিন ।

( সমাপ্ত )

pdf By Syed Mostafa Sakib

## প্রাপ্তী স্থান

১. নুরি - ( বজবজ ) বলরামপুর খাঁ পাড়া পির সাহেবের নিকটে পাওয়া যাবে। কলকাতা ।
২. মাদ্রাসা পাঞ্জাতানিয়া বড় বেলুন ভাতার বর্ধমান ।
৩. নুরি বুকডিপো - রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।
৪. মুফতী বুক হাউস - রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।
৫. হাজি বুক ডিপো - ভগবানগোলা, মুর্শিদাবাদ।
৬. রেজবী লাইব্রেরী - ভগবানগোলা, মুর্শিদাবাদ।
৭. ভান্ডারা মাদ্রাসা - জিয়াগঞ্জ, ভান্ডারা, মুর্শিদাবাদ।
৮. সাইদাপুর মাদ্রাসা - সাইদাপুর, জঙ্গীপুর, মুর্শিদাবাদ।
৯. কারী মৌলানা রফিকুল ইসলাম - সোনাতলা দুর্লভ পুর, ইসলামপুর, মুর্শিদাবাদ।
১০. মৌলানা আব্দুস সালাম - ভরতপুর, মুর্শিদাবাদ।
১১. হরিবাটি মাদ্রাসা - কুলি, মুর্শিদাবাদ।
১২. সাঈদ বুক ডিপো - কালিয়াচক, মালদা।
১৩. কালিমি বুক ডিপো - কালিয়াচক, মালদা।
১৪. মৌলানা সাত্তার আলম - কলিগ্রাম, মালদা।
১৫. রেজবী লাইব্রেরী - নলহাটি , বিরভুম।
১৬. মৌলানা গোলাম নবি - দুবরাজ পুর, পাওয়ার হাউস, বিরভুম।

pdf By Syed Mostafa Sakib

## ॥ লেখকের কলম দ্বারা প্রকাশিত বই ॥

১. ম্যাইয়েতের চাহারুম-চাল্লিশা প্রসঙ্গে।
২. জানাযার নামাজের পর দুআ প্রসঙ্গে।
৩. একামতের মাসলা প্রসঙ্গে।

## ॥ লেখকের অপ্রকাশিত বই প্রকাশনার পথে ॥

১. আনয়োরে মাহমুদ দরবায়ানে কীয়াম ও মওলুদ (মীলাদ ও কীয়াম প্রসঙ্গে )।
২. তাফসীরে সারওয়ারী ( পবিত্র কুরআন শরীফের ব্যাখ্যা )।
৩. শরীয়তের আলোতে মারেফাত তত্ত্ব।
৪. ফাতাওয়ায়ে সারওয়ারী।
৫. জিকরে মোস্তাফা।

pdf By Syed Mostafa Sakib

মুফতী সাহেবের সঙ্গে যোগাযোগ করুন
মোবাইল নং ঃ- ৯৩৩৩৩৫১৮১৯